তারিখ ... 23 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# সেটকোড সমস্যার যৌক্তিক সমাধানের জন্য প্রধানমন্ত্রীর নির্দেশ

ইত্তেফাক রিপোর্ট ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা বোর্ডের ১৯৯৬ সালের এস এস সি পরীক্ষায় সেট কোড জটিলতা নিরসনের জন্য বোর্ড কর্তৃপক্ষ ও শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়াছেন। গতকাল (সোমবার) দৈনিক ইত্তেফাক সেটকোড জটিলতায় আক্রান্ত মেধাবী ছাত্র-ছাত্রীদের অশ্রুসজল মুখের ছবি দেখিয়া প্রধানমন্ত্রী বিচলিত হইয়া পড়েন এবং ঢাকা বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রককে ডাকিয়া পাঠান। আন্দোলনরত অভিভাবকদের একটি প্রতিনিধি দলের সহিতও প্রধানমন্ত্রী সাক্ষাৎ করার ইচ্ছা ব্যক্ত করিলে। অভিভাবকদের পক্ষে বিজ্ঞান কলেজের ভাইস প্রিন্সিপাল হোসনে

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সেট কোড

(১ম পৃঃ পর)

আরা প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাৎ করিয়া সেটকোড সমস্যার বিশদ বিবরণ তুলিয়া ধরেন। প্রধানমন্ত্রী বলেন, মেধাবী ছাত্র-ছাত্রীদের প্রতি কোন অন্যায় করা হইবে না। সেটকোড সমস্যার যৌক্তিক সমাধান করা হইবে।

এদিকে বাংলাদেশ মহিলা পরিষদের সভানেত্রী বেগম সুফিয়া কামাল ও সাধারণ সম্পাদিকা ডাঃ মালেকা বানু গতকাল এক বিবৃতিতে এসএসসি পরীক্ষার উত্তরপত্রে সেটকোড নম্বর না দেওয়ায় অকৃতকার্য পরীক্ষার্থীদের বিষয়টি পুনঃ বিবেচনা করার জন্য সরকারের নিকট অনুরোধ জানাইয়াছেন। নেতৃবৃন্দ বলেন, দেশের ৫টি শিক্ষা বোর্ড এ বৎসর হইতে চালু করা সেটকোড নম্বর না দেওয়ায় সাড়ে ৪ হাজার ছাত্র-ছাত্রীকে অকৃতকার্য ঘোষণা করিয়াছে। এই সাড়ে ৪ হাজার ছাত্র-ছাত্রীর বিষয়টি সম্পূর্ণ মানবিক দৃষ্টিকোণ হইতে পুনঃ বিবেচনা করা প্রয়োজন।